

ইকফাই-এ বাৎসরিক ক্রীড়া উৎসবের সূচনা

কামালঘাট। ইকফাই বিশ্ববিদ্যালয় ত্রিপুরার বাৎসরিক ক্রীড়া উৎসব 'ইন্সট্যান ২০১৮' শুক্রবার সকালে বিশ্ববিদ্যালয়ের কামালঘাটস্থিত ক্যাম্পাসে শুরু হয়েছে।

ত্রিপুরা ক্রীড়া পর্যদের নবনিযুক্ত সচিব ডাঃ মানিক সাহা আনুষ্ঠানিকভাবে তিনদিনব্যাপী ক্রীড়া উৎসবের উদ্বোধন করেন। উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থি ছিলেন দক্ষিণ ত্রিপুরা জেলার ক্রীড়া আধিকারিক মিহির শীল। অনুষ্ঠানে পৌরহিত্য করেন বিশ্ববিদ্যালয়ের নিবন্ধক ডঃ আব্দুল রজনাথ।

উদ্বোধনী অনুষ্ঠানের পরেই শুরু হয়ে গেছে বিভিন্ন ইভেন্টের প্রতিযোগিতা, ফুটবল, ক্রিকেট, ব্যাডমিন্টন, ভলিবল, বাস্কেটবল, যোগা, ক্যারম, দাবা সহ মোট ১৬টি ইভেন্টে তিনদিন যাবর প্রতিযোগিতা চলবে। পড়ুয়া ও শিক্ষক-অশিক্ষক কর্মচারী মিলিয়ে প্রায় ৬০০ জন প্রতিযোগি সক্রিয়ভাবে উৎসবে অংশগ্রহণ করছে।

আজকের উদ্বোধনী অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের পড়ুয়াদের উপচে পড়া ভিড় সবার নজর কেড়েছে। সেখানে সংক্ষিপ্ত ভাষম রাখতে গিয়ে ক্রীড়া পর্যদের সচিব বলেন, উচ্চ শিক্ষার ক্ষেত্রে

ইকফাই বিশ্ববিদ্যালয় সংগ্রহ পূর্বোত্তর ভারতেই অগ্রনী স্থান দখল করেছে। বিশ্ববিদ্যালয়ের পড়ুয়ারা খেলাধুলাতেও উৎকর্ষতা দেখাতে পারবে বলে তিনি



আশা প্রকাশ করেন। বিশ্ববিদ্যালয়ের ক্রীড়া পরিকাঠামো প্রসারেও ডাঃ সাহা ক্রীড়া পর্যদের তরফে সহায়তার আশ্বাস দেন।

রাঃ
প্রব
নাঃ
গিঃ
হাঃ
হেঃ
তাঃ
তাঃ
মুঃ
খেঃ
ডাঃ
ফিঃ
সেঃ
আঃ
২০

পাঃ
কিঃ
আঃ
আঃ
কুই
মোঃ
গবঃ
চ্যাঃ
ডিঃ
কেঃ
তিঃ